গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন-২ অধিশাখা
www.mopme.gov.bd

**'২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচির সাথে সঙ্গতি রেখে কর্মসূচি প্রণয়ন ও বাস্তবায়নের লক্ষ্যে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | আবু তাহের মোঃ মাসুদ রানা<br>সচিব |
| সভার তারিখ | ১১.০৩.২০২৬ খ্রি: |
| সভার সময় | সকাল ০৯:০০ ঘটিকা |
| স্থান | মন্ত্রণালয়ের সভাকক্ষ (কক্ষ নং-৬১০, ৭ম তলা, ভবন নং-৬) |
| উপস্থিতি | স্বাক্ষরের ক্রমানুসারে (পরিশিষ্ট- ক) |

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার শুরুতে তিনি ২৫ মার্চ রাতে গণহত্যায় শহিদ এবং স্বাধীনতা যুদ্ধে শহীদ বীর মুক্তিযোদ্ধাসহ সকল বীর মুক্তিযোদ্ধাদের প্রতি শ্রদ্ধা জ্ঞাপন এবং নির্যাতিত নারীদের প্রতি সম্মান প্রদর্শন করেন। তিনি জানান যে, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ে জাতীয় পর্যায়ে '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি প্রণয়ণের লক্ষ্যে ২৭.০১.২০২৬ তারিখে একটি আন্তঃমন্ত্রণালয় সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় গৃহীত সিদ্ধান্তের সাথে সংগতি রেখে এ মন্ত্রণালয় ও আওতাধীন দপ্তরসমূহে '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে কর্মসূচি গ্রহণ করা প্রয়োজন।

০২। অতঃপর সভাপতির অনুমতিক্রমে মন্ত্রণালয়ের উপসচিব (প্রশাসন-২) '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক গৃহীত জাতীয় কর্মসূচি সভায় উপস্থাপন করেন। সভায় বিস্তারিত আলোচনান্তে '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন উপলক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬ পালন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি:

| ক্রমিক | কর্মসূচি | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|
| ১. | (২) ২০.০৩.২০২৬ থেকে ২৫.০৩.২০২৬ পর্যন্ত (সুবিধাজনক দিন /সময়ে) স্কুল/ কলেজ/ মাদ্রাসা/ কারিগরিসহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে বিশিষ্ট ব্যক্তি/বীর মুক্তিযোদ্ধাদের সমন্বয়ে ২৫ মার্চ গণহত্যা ও ঐতিহাসিক মহান মুক্তিযুদ্ধ সম্পর্কে স্মৃতিচারণ ও আলোচনা সভা আয়োজন। | আগামী ২০.০৩.২০২৬ থেকে ২৫.০৩.২০২৬ তারিখে অথবা সুবিধাজনক দিন /সময়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে আলোচনা সভার আয়োজন করতে হবে। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো/জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট। |

২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬ উদযাপন উপলক্ষ্যে জাতীয় কর্মসূচি:

| ক্রমিক | কর্মসূচি | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|

| | | | |
|---|---|---|---|
| ১. | (৩) ২৬.০৩.২০২৬ তারিখে সকল সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনে জাতীয় পতাকা উত্তোলন (ঐ দিন সূর্যোদয়ের সাথে সাথে)। | সকল শিক্ষা প্রতিষ্ঠান ও দপ্তরে সঠিক নিয়মে, সঠিক রং ও মাপের জাতীয় পতাকা উত্তোলন করতে হবে। (ঐ দিন সূর্যোদয়ের সাথে সাথে)। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো/বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট/জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমি এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট। |
| ২. | (৭) ২৬.০৩.২০২৬ তারিখ সকাল ০৮:০০ টায়/সুবিধাজনক সময়ে দেশের সকল বিভাগ, জেলা এবং উপজেলা পর্যায়ে জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্র-ছাত্রীদের সমাবেশ, কুচকাওয়াজ ও ডিসপ্লে প্রদর্শন। | ২৬.০৩.২০২৬ তারিখ সকাল ০৮:০০ টায় বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত জাতীয় পতাকা উত্তোলন, জাতীয় সংগীত পরিবেশন, ছাত্র-ছাত্রীদের সমাবেশ ও কুচকাওয়াজ অনুষ্ঠানে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণ করতে হবে। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট। |
| ৩. | ২১(ক) ২০.০৩.২০২৬ থেকে ২৫.০৩.২০২৬ পর্যন্ত (সুবিধাজনক সময়ে) রচনা, আবৃত্তি এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতার আয়োজন। | (ক) বিভাগ, জেলা ও উপজেলা পর্যায়ে স্থানীয় প্রশাসন কর্তৃক আয়োজিত রচনা, আবৃত্তি এবং চিত্রাঙ্কন প্রতিযোগিতার প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর/পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট। |
| | ২১(খ) ২০.০৩.২০২৬ থেকে ২৫.০৩.২০২৬ পর্যন্ত (সুবিধাজনক সময়ে) সকল শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভা। | (খ) আগামী ২০.০৩.২০২৬ থেকে ২৫.০৩.২০২৬ তারিখে অথবা সুবিধাজনক দিন/ সময়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে মহান স্বাধীনতা ও জাতীয় দিবসের তাৎপর্য তুলে ধরে আলোচনা সভার আয়োজন করতে হবে। | অতিরিক্ত সচিব (বিদ্যালয়), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট। |
| ৪. | (২৩) ২৬.০৩.২০২৬ তারিখ সকাল ০৮:০০ টায় জাতীয় স্টেডিয়ামে শিশু-কিশোর সমাবেশ। | ২৬.০৩.২০২৬ তারিখ সকাল ০৮:০০ টায় জেলা প্রশাসন, ঢাকা এর সাথে যোগাযোগ করে জাতীয় স্টেডিয়ামে প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণের বিষয়টি নিশ্চিত করতে হবে। | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এবং পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট। |

০৩। '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' পালন এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন সংক্রান্ত স্টিয়ারিং কমিটির সভায় অংশগ্রহণ করার জন্য প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের যুগ্মসচিব (প্রশাসন) জনাব নুরুন্নাহার-কে এবং বিকল্প কর্মকর্তা হিসাবে যুগ্মসচিব (বাজেট ও অডিট) জনাব ইসরাত জাহান-কে মনোনয়ন প্রদান করা হলো।

০৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

১১-০৩-২০২৬
আবু তাহের মোঃ মাসুদ রানা
সচিব

নম্বর: ৩৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২৬.৪৩৬

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২ বঙ্গাব্দ
১১ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। সচিব, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়, সরকারি পরিবহন পুল ভবন, সচিবালয় সংযোগ সড়ক, ঢাকা।
২। অতিরিক্ত সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। মহাপরিচালক, বাধ্যতামূলক প্রাথমিক শিক্ষা বাস্তবায়ন পরিবীক্ষণ ইউনিট, শিক্ষা ভবন, ঢাকা।
৪। মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা।
৫। মহাপরিচালক, উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, তেজগাঁও, ঢাকা।
৬। মহাপরিচালক, জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী (নেপ), ময়মনসিংহ।
৭। যুগ্মসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৮। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৯। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।।
১১। উপসচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১২। পরিচালক, শিশু কল্যাণ ট্রাস্ট, মিরপুর-২, ঢাকা।
১৩। সিনিয়র তথ্য কর্মকর্তা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা এবং
১৪। সিনিয়র সহকারী সচিব (সকল), প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

১১-০৩-২০২৬
মোঃ শামছুল আরিফ
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নম্বর-৩৮.০১.০০০০.১০৭.৩৭.০০১.২৬.-৫৪৭

তারিখ: ২৬ ফাল্গুন ১৪৩২
১১ মার্চ ২০২৬

**বিষয়:** '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন

সূত্র: প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের ১১ মার্চ ২০২৬ তারিখের ৩৮.০০.০০০০.০০০.০০২.২৩.০০০১.২৬.৪৩৬ নম্বর স্মারকের সভার কার্যবিবরণী

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে '২৫ মার্চ গণহত্যা দিবস ২০২৬' এবং '২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২৬' উদযাপন সংক্রান্ত সভার কার্যবিবরণী মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত: সভার কার্যবিবরণী- ২ (দুই) ফর্দ

১১/৩/২৬


মোঃ সাজ্জাদ হোসেন
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
ইমেইল: adgeneraldpe@gmail.com


বিতরণ:

১. বিভাগীয় উপপরিচালক, প্রাথমিক শিক্ষা, ঢাকা/রাজশাহী/খুলনা/বরিশাল/চট্টগ্রাম/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ(অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ)
২. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল) [অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ]
৩. উপজেলা/থানা প্রাথমিক শিক্ষা অফিসার/ইন্সট্রাক্টর, টিপিইটিসি/ইউপিইটিসি (সকল) [অধিনস্থ সকল দপ্তর/প্রতিষ্ঠানকে অবহিত করার অনুরোধসহ]

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. মহাপরিচালকের ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
২. অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর-২, ঢাকা (অতিরিক্ত মহাপরিচালক/অতিরিক্ত মহাপরিচালক (পিইডিপি৪) মহোদয়ের সদয় অবগতির জন্য)
৩. অফিস কপি।